



বাউবি/পরীক্ষা/এসএসসি/৪৭৮/২০১৩/১৬৯৩

তারিখ : ১৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ  
৩০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : এসএসসি পরীক্ষা -২০২৪ এর ফলাফল সংক্রান্ত অভিযোগ দাখিল প্রসঙ্গে।

জনাব


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা ২০২৪ এর বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। কোর্স সংক্রান্ত জটিলতা, আই ডি নম্বরের অস্পষ্টতা বা অন্য কোন কারণে পরীক্ষা দেয়া সত্ত্বেও কোন শিক্ষার্থীর ফলাফল প্রকাশ না হয়ে থাকলে তাকে **On Line**-এ ফলাফল সংক্রান্ত বিষয়ে অভিযোগ করতে হবে। অভিযোগ ফরম ওয়েব আইডি [exam.bou.ac.bd](http://exam.bou.ac.bd)-এ পাওয়া যাবে। অভিযোগ ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ৩১ জুলাই ২০২৪ খ্রি: তারিখের মধ্যে উল্লিখিত ওয়েব সাইটে **Submit** করতে হবে। অভিযোগের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে অভিযোগ আই.ডি. ও স্টুডেন্ট আই.ডি. দিয়ে উক্ত ওয়েব সাইটে অভিযোগের উত্তর জানা যাবে।

নির্ধারিত তারিখের পর ওয়েব সাইটে কোন অভিযোগ **Submit** করা যাবে না। বিষয়টি শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ।

*Signature* 30.06.2024

প্রফেসর ড. সাবিনা ইয়াসমিন  
পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়



অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ২। পরিচালক, এসএসসি বিভাগ, বাউবি।
- ৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি- প্রত্যটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।
- ৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। উপ-পরিচালক, উপ-উপাচার্য (শিক্ষা) -এর দপ্তর, বাউবি (উপ-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সংরক্ষণ নথি।

“বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”